

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তোমরা তাকে ছেড়ে দাও" এর দ্বারা উদ্দেশ্য হলো বেদুঈন ব্যক্তি দ্বীন ও দ্বীনের বিধি-বিধান যা সে জানত না, তা নম্রতার সাথে শিক্ষা দেওয়া

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (دَعُوهُ) أَرَادَ بِهِ التَّرَفُّقَ لِتَعْلِيمِهِ مَا لَمْ يَعْلَمْ مِنْ دِينِ اللَّهِ وَأَحْكَامِهِ

## আরবী

1398 ـ أَخْبَرَنَا الْفَضِلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ: عَنْ عَمِّهِ أَنَسِ بْنِ عَكْرِمَةُ بْنُ عَمَّارٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدًا فِي الْمَسْجِدِ إِذْ دَخَلَ أَعْرَابِيُّ مَلَى فَقَعَدَ يَبُولُ فَقَالَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَهْ مَهْ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَهْ مَهْ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تُرْرِمُوهُ) ثُمَّ دعاهُ فَقَالَ: (إِنَّ هَذِهِ الْمُسَاجِدَ لَا تَصِيلُحُ لشيء من القذر والخلاء) أوكما قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ هَذِهِ الْمُسَاجِدَ لَا تَصِيلُحُ لشيء من القذر والخلاء) أوكما قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ هَذِهِ الْمُسَاجِدَ لَا تَصِيلُحُ الشيء من القذر والخلاء) أوكما قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا هِيَ لِقِرَاءَةِ الْقُرْآنِ أَوْ ذِكْرِ اللَّهِ) ثُمَّ دَعَا بِدَلْو مِنْ مَاءٍ فَصَبَّهُ عَلَيْهِ. الراوي: أَنس بْن مَالِكِ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر:

الصفحة أو الرقم: 1398 ا خلاصة حكم المحدث: صحيح.

التعليقات الحسان على صحيح ابن حبان

## বাংলা

১৩৯৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মসজিদে বসে ছিলেন, এমন সময় একজন বেদুঈন ব্যক্তি মসজিদে প্রবেশ করে তারপর দাঁড়িয়ে পেশাব করে। তখন সাহাবীগণ তাকে বলেন, "থামো, থামো!" আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা তাকে বাধা দিয়ো না।" তারপর তিনি তাকে ডেকে নেন এবং বলেন, "নিশ্চয়ই এই মসজিদগুলো পেশাব-পায়খানা ও নোংরা কাজের উপযুক্ত নয়।" রাবী বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরকমই কথা বলেছেন। তিনি আরো বলেছেন, "নিশ্চয়ই এই মসজিদগুলো কুরআন পাঠ বা আল্লাহকে স্মরণ করার জন্য



নির্মিত হয়েছে।" তারপর তিনি এক বালতি পানি আনতে বলেন এবং পেশাব করার জায়গায় তা ঢেলে দেন।"[1]

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৫০০; আবূ আওয়ানা:১/২১৪; আহমাদ: ৩/১৯১; সহীহ মুসলিম: ২৮৫; সুনান বাইহাকী: ২/৪১২; সহীহ ইবনু খুযাইমাহ: ২৯৩; সহীহ আল বুখারী: ২১৯; মুসান্নাফ আব্দুর রাযযাক; ১৬৬০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৯৩; নাসাঈ: ১/৪৭; তিরমিযী: ১৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪০৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন